# Core Periphery Model

## — John Friedman

পৃথিবীর সমস্ত দেশ বা দেশের সমস্ত স্থান প্রাকৃতিক বা অর্থনৈতিক দিক থেকে একই রকম উন্নত হয় না। এর ফলে বিভিন্ন স্থান বা দেশের মধ্যে একটি অসাম্য অবস্থার সৃষ্টি হয়। এই অসাম্য অবস্থার সৃষ্টির জন্য যেগুলি উপাদান দায়ী, সেগুলি হল —

**Physical Factors:** বিভিন্ন প্রাকৃতিক সম্পদ, জলবায়ু, মৃত্তিকা, অবস্থান, উচ্চতা প্রভৃতি প্রাকৃতিক বিষয়গুলি অসাম্যের সৃষ্টি করে। যদি কোন অঞ্চলে প্রাকৃতিক সম্পদের পরিমাণ বেশি থাকে, জলবায়ু অনুকূল হয়, তাহলে সেই অঞ্চল অর্থনৈতিক দিক থেকে উন্নত হবে।

**Non Physical Factors:** জনসংখ্যার পরিমাণ, প্রযুক্তিবিদ্যা, অর্থনীতি, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক বিষয় অর্থনৈতিক অসাম্যের সৃষ্টি করে। কোন অঞ্চল প্রযুক্তিবিদ্যায় উন্নত হলে, অর্থনৈতিক দিকে উন্নত হলে সেই স্থানে উন্নয়ন হয় খুব দ্রুত।


এই সমস্ত প্রাকৃতিক, অর্থনৈতিক, মানবীয় অসাম্য দূর করে, কোন একটি অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে John Friedman Core এবং Periphery region এর গুরুত্বের কথা বলেছেন।

1966 সালে আমেরিকান অর্থনীতিবিদ John Friedman তাঁর "Regional Development policy, A case study of Venezuela", এই গ্রন্থে core-periphery সম্পর্কে আলোচনা করেছেন। তিনি দেখানোর চেষ্টা করেছেন কিভাবে একটি অঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে Core এবং Periphery অঞ্চল পরস্পরের সাথে সম্পর্কযুক্ত।

**Core:** Core বলতে তিনি সেই অঞ্চলকে বুঝিয়েছেন যে অঞ্চল অর্থনৈতিক দিক থেকে অত্যন্ত সম্পন্ন, প্রযুক্তিবিদ্যায় উন্নত, investment এর পরিমাণ বেশি, নতুন নতুন innovation করে, অর্থাৎ যে অঞ্চল প্রথম থেকেই অর্থনৈতিক ভাবে উন্নত সেই অঞ্চলের প্রথমে উন্নতি হবে এবং Core অঞ্চলে পরিণত হবে।

Scanned with CamScanner

**Periphery:** Periphery বলতে প্রান্তিক অঞ্চলকে বোঝায়। অর্থাৎ Core অঞ্চলের পার্শ্ববর্তী অঞ্চলকে বোঝায়। যেখানে অর্থনীতি দুর্বল, কিন্তু শ্রমিকের পরিমাণ বেশি। ফলে এই অঞ্চল থেকে শ্রমিক কাজের উদ্দেশে Core অঞ্চলে যায়। Core অঞ্চল অর্থনৈতিক ও প্রযুক্তিগত ক্ষেত্রে উন্নত হলেও এই Periphery অঞ্চল থেকে কাঁচামাল, শ্রমিকের যোগানের ফলেই Core অঞ্চলে উন্নতি ঘটে। অর্থাৎ Core অঞ্চলের উন্নয়নের সহায়ক হিসেবে Periphery অঞ্চল কাজ করে। তাই কোন অঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে Core এবং Periphery অঞ্চল পরস্পরের সাথে সম্পর্কযুক্ত।




**মডেলের বিষয়বস্তু:**

(i) কেন কেন্দ্রের নগর এলাকা দ্রুত উন্নতি লাভ করে, যেখানে অন্যান্য প্রান্ত অঞ্চল নাগরিক সুখ স্বাচ্ছন্দ্য থেকে বঞ্চিত হয় এবং দারিদ্রতায় ভোগে, তার ব্যাখ্যা দেয় এই তত্ত্ব।

(ii) এই তত্ত্ব ৪টি পর্যায়ের মাধ্যমে নগর প্রণালীর উন্নয়নের কথা বলেন।

(iii) প্রথম অবস্থা থেকেই অর্থনৈতিক বৈষম্য এই Core ও Periphery অঞ্চলের সৃষ্টি করেছে।

(iv) কিভাবে Core ও Periphery অসাম্য দূর করে উন্নয়ন করতে পারে তার ব্যাখ্যা দেয় এই তত্ত্ব।

Scanned with CamScanner

**বিভিন্ন অঞ্চল:** তিনি তাঁর এই তত্ত্ব ব্যাখ্যার ক্ষেত্রে কতগুলি অঞ্চলের কথা বলেছেন। সেগুলি হল —

(i) Core Region
(ii) Upward Transition Region
(iii) Resource Frontier Region
(iv) Downward Transition Region





Fig: Different Regions

(i) Core Region: Core অঞ্চল বলতে যে অঞ্চলটি অর্থনৈতিক ও প্রযুক্তিগত দিক থেকে প্রথম শ্রেণীর উন্নত।

(ii) Upward Transition Region: এই অঞ্চলটি Core অঞ্চলের একেবারে পার্শ্ববর্তী অঞ্চলকে বোঝায়, যেটি Core অঞ্চলকে কাঁচামালের যোগান দেয়। যেহেতু Core অঞ্চলের পাশেই এই অঞ্চল, তাই এই অঞ্চলের দ্রুত উন্নতি হয় তাই Upward Transition Region বলা হয়েছে।

(iii) Resource Frontier Region: এই অঞ্চল Core অঞ্চলে Resource এর যোগান দেয়। এই অঞ্চলে প্রবল উৎপাদন হয় এবং Core অঞ্চলে সরবরাহ হয়, তার বিনিময়ে এই অঞ্চল অর্থ উপার্জন করে। এই অঞ্চলের সরকারের সাহায্যে, আর্থিক মুনাফা লাভের আশায় নতুন করে কিছু উৎপাদন শুরু হয়, তাই একে newly colonized region বলে।

(iv) Downward Transition Region: এই অঞ্চলটি অর্থনৈতিক দিক থেকে একেবারে পিছিয়ে। এখানে প্রাচীন পদ্ধতিতে কৃষিকাজ হয়ে থাকে। এই অঞ্চল সমস্ত দিক থেকে পিছিয়ে পড়া হলেও এখানে শ্রমিকের সংখ্যা প্রচুর, তাই এই অঞ্চল থেকে Core অঞ্চলে শ্রমিকের যোগান সরবরাহ হয়ে থাকে।

Scanned with CamScanner

**উন্নয়নের বিভিন্ন পর্যায়ঃ** John Friedman কোন একটি অঞ্চলের উন্নয়নের কতগুলি পর্যায়ের কথা বলেছেন। সেগুলি হল —

(i) Pre-industrial: এই পর্যায়ে কৃষিভিত্তিক সমাজ ব্যবস্থা লক্ষ্য করা যায়। সমস্ত দেশ বা অঞ্চল উন্নয়নের দিক থেকে একই অবস্থায় থাকে। অর্থাৎ বিভিন্ন অঞ্চলের মধ্যে তেমন বৈষম্য লক্ষ্য করা যায় না।


(ii) Transitional Economy: যে অঞ্চলে সম্পদের পরিমাণ বেশি এবং অর্থনীতি উন্নত সেই অঞ্চলে দ্রুত উন্নতি ঘটবে। যেমন - কোন অঞ্চলে যদি লোহা খনি বা কয়লাখনি থাকে তাহলে সেই অঞ্চল পার্শ্ববর্তী অঞ্চলের থেকে দ্রুত উন্নতি ঘটাবে। এবং core অঞ্চলে পরিণত হবে। এর পার্শ্ববর্তী অঞ্চল তখন Periphery অঞ্চল হিসেবে অবস্থান করবে।

(iii) Industrial Economy: যতদিন যায় মানুষের চাহিদার পরিমাণ বাড়তে থাকে। মানুষের এই চাহিদা একটি core অঞ্চল পূরণ করতে পারে না। তখন পাশে আরও sub centre গড়ে ওঠে, যে centre গুলো প্রয়োজনীয় দ্রব্যের যোগান দিয়ে থাকে। এর ফলে core ও sub centre এর মাঝে Periphery অঞ্চল আরও সঙ্কীর্ণ হয়ে অবস্থান করে।


(iv) Post-industrial Economy: core অঞ্চল এবং sub centre এর মধ্যে যেমন জিনিসপত্র আদান প্রদান হয়েছিল, এই পর্যায়ে core ও sub-centre এর মধ্যের অঞ্চলের সঙ্গেও পারস্পরিক আদান প্রদান হয়। ফলে সমস্ত অঞ্চল একে অপরের উপর নির্ভরশীল হয়ে পড়ে। একটি অঞ্চলের উন্নতি অন্য অঞ্চলের উপর নির্ভর করে। ফলে সমস্ত অসাম্য, বৈষম্য দূর হয় এবং একে অপরের উপর নির্ভরশীল হয়ে সমস্ত অঞ্চলের সার্বিক উন্নয়ন হয়।

Scanned with CamScanner


(i) Pre-industrial:



(ii) Transitional:




(iii) Industrial:




(iv) Post industrial:





Fig: Core-Periphery Model

Scanned with CamScanner